দেখা হয়ে গেল

পঁচিশ বছর পরে
বইমেলায় দেখা হয়েগেল। উশকো খুশকো চুল
লেখাপড়া করা চোখ লন্ঠনের মতো, দ্যুতিহীন।
কুঁজো হয়ে দাঁড়াবার সেই ভঙ্গি --
আমিও দাঁড়াই।
'ভালো আছো অভ্র, অভ্রদীপ?
এই যে অভি, এ দিকে তাকাও'
ইতস্তত দৃষ্টি ফেলে বলে
'কাউকে খুঁজছেন নাকি, আপনি?' ধসে যাই।

ধসে যাই, মুখ নামিয়ে নিতে চাই
সত্য, যা বাস্তব ।
এখন মানুষ স্মৃতি বহন করেনা , ফেলে দেয়
বহন মানেই দায় , অপছন্দ, ভারী।
অথবা হতে কি পারে ,অভ্র হারিয়েছে স্মৃতি
কেন্দ্রবিন্দু করেছে বঞ্চনা
ভরহীন ভেসে যাচ্ছে এ স্বার্থসমাজে?
ও কে কি কুড়িয়ে নেব, রাস্তা থেকে ছোট্টমিউছানাটার মতো?

ততক্ষণে হালকা পায়ে, ইতস্তত পায়ে
সরে যাচ্ছে অভ্রদীপ সূর্যাস্তের দিকে। দূরে ছায়া

বইমেলা চত্বর জুড়ে ভয়ানক বাজনা বাজতে থাকে
হয় তো এবার খুব গান হবে, মজাটজা হবে।

বিজয়া মুখোপাধ্যায়

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com